# AKASHVANI KOLKATA
## RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**Date 31-08-2026 Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবর –

১) সাধারণ মানুষের অভিযোগ সরাসরি শুনে দ্রুত সমাধানের লক্ষে এবার সরকারী দফতরগুলিতে জনতার দরবার আয়োজন করা হবে।

২) আকাশবাণীতে ১৩৭-তম মন-কি-বাতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মহানায়ক উত্তম কুমারকে স্মরণ করেছেন। বলেছেন, কাজের প্রতি নিষ্ঠা থাকলে, একদিন সাফল্য আসবেই। তার বড় প্রমাণ উত্তমকুমার।

প্রধানমন্ত্রীর নেশামুক্ত সমাজ গড়ার বার্তাকে স্বাগত জানিয়েছেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী।

৩) দেশের অগ্রগতি ও উন্নয়নের সঙ্গেই সংস্কৃতি ও আধ্যাত্মিকতার বিকাশের ওপর জোর দিয়েছেন রাজ্যপাল আর এন রবি।

৪) রাজ্যে ভিবিজি রামজী প্রকল্পের কাজ পুরোদমে শুরু হতে চলেছে বলে পঞ্চায়েত ও গ্রামোন্নয়নমন্ত্রী দিলীপ ঘোষ জানিয়েছেন।

৫) নিম্নচাপের প্রভাবে দক্ষিণবঙ্গের বেশ কয়েকটি জেলাতে ভারী বৃষ্টির পূর্বাভাষ।

oooooooooooooooooooo

সাধারণ মানুষের অভিযোগ সরাসরি শুনে দ্রুত সমাধানের লক্ষ্যে, এবার সরকারি দপ্তরগুলিতে ‘জনতার দরবার’ এর আয়োজন করা হবে। সম্প্রতি মুখ্যসচিব মনোজ আগরওয়াল এ বিষয়ে জেলা থেকে ব্লক স্তরের, সমস্ত আধিকারিককে দ্রুত ব্যবস্থা নেওয়ার নির্দেশ দিয়েছেন। নতুন এই নির্দেশিকা অনুযায়ী, প্রতি মঙ্গলবার ও বৃহস্পতিবার সকাল সাড়ে ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত সাধারণ মানুষ সরাসরি আধিকারিকদের সঙ্গে দেখা করতে পারবেন। এই নির্দিষ্ট সময়ে জেলাশাসক, মহকুমাশাসক, বিডিও, পুর কমিশনার এবং পুলিশ আধিকারিকদের নিজের চেম্বারে উপস্থিত থাকা বাধ্যতামূলক করা হয়েছে। সাধারণ মানুষের সুবিধার্থে ওই সময়টিতে আধিকারিকরা কোনো বৈঠক বা সরকারি সফরে যেতে পারবেন না।

প্রয়োজনে যোগাযোগের জন্য আধিকারিকদের মোবাইল নম্বর ও ই-মেইল আইডি দপ্তরের বাইরে এবং সরকারি ওয়েবসাইটে প্রকাশ করার নির্দেশ দেওয়া হয়েছে। সাধারণ মানুষের জমা পড়া অভিযোগ এবং তার সমাধানের অগ্রগতি নথিভুক্ত থাকবে ‘আপনার সরকার আপনার পাশে’ পোর্টালে।

oooooooooooooooooooooo

আকাশবাণীতে ১৩৭ তম মন কি বাতে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মহানায়ক উত্তম কুমারকে স্মরণ করেছেন। আগামী তেসরা সেপ্টেম্বর মহানায়কের জন্মশতবর্ষ উপলক্ষ্যে তাঁর প্রতি শ্রদ্ধাজ্ঞাপন করে প্রধানমন্ত্রী বলেন, কঠোর পরিশ্রম করে তিনি বিভিন্ন চরিত্রকে জীবন্ত করে তুলতেন। পরিশ্রমের বিকল্প হয় না, কাজের প্রতি নিষ্ঠা থাকলে একদিন সাফল্য আসবেই- উত্তরমকুমার তার প্রমাণ। মানুষের হৃদয়ে তাঁর স্থান চিরকালীন।

গতকালের মন কি বাতে আসন্ন উৎসবের মরশুমে আরো একবার সকলকে ভোকাল ফর লোকালের মন্ত্র স্মরণ করিয়ে দিয়েছেন প্রধানমন্ত্রী। তিনি স্বদেশী পণ্যসামগ্রী কিনতে দেশবাসীর প্রতি অনুরোধ জানান।

(বাইট – ভোকাল ফর লোকাল)

<u>ooooooooooooooooooooo</u>

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর 'মন কি বাত' অনুষ্ঠানে নেশামুক্ত সমাজ গড়ার বার্তাকে স্বাগত জানিয়েছেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। নিজের দফতর থেকে অনুষ্ঠানটি শোনার পর সমাজমাধ্যমে এক পোস্টে তিনি বলেন, এদিনের অনুষ্ঠানে প্রধানমন্ত্রী যুব সমাজকে নেশামুক্ত থাকার আহ্বান জানিয়ে নেশামুক্ত ভারত গড়ার লক্ষ্যে সকলকে এগিয়ে আসার আবেদন জানিয়েছেন। দেশের উজ্জ্বল ভবিষ্যতের জন্য এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ।

আগামী তেসরা সেপ্টেম্বর মহানায়ক উত্তমকুমারের জন্মবার্ষিকীর প্রসঙ্গ তুলে 'মন কি বাত'-এ তাঁর অবদানের কথা স্মরণ করায় প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানান মুখ্যমন্ত্রী। তিনি বলেন, দেশের ইতিহাস, সংস্কৃতি ও আত্মনির্ভরতার বার্তাই এদিনের 'মন কি বাত'-এর মূল অনুপ্রেরণা।

<u>oooooooooooooooooooooo</u>

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ পূর্ব মেদিনীপুরের নন্দীগ্রাম ২ নম্বর ব্লকের রেয়াপাড়াতে প্রশাসনিক সভায় যোগ দেবেন। সভা থেকেই আবাস যোজনা, আয়ুষ্মান ভারত সহ বিভিন্ন সরকারী প্রকল্পের সুবিধা উপভোক্তাদের হাতে তুলে দেবেন তিনি। সভাস্থল পরিদর্শনের পর গতকাল রাজ্যের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দফতরের প্রতিমন্ত্রী শান্তনু প্রামাণিক জানান, জেলার উন্নয়ন নিয়ে সরকারের একাধিক পরিকল্পনার কথা মুখ্যমন্ত্রী আজ ঘোষণা করবেন।

oooooooooooooooooooooooo

যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ভেতর বিতর্কিত দেওয়াল লিখন মুছে দেওয়াকে বিলম্বে বোধোদয় বলে মন্তব্য করেছেন রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। গতকাল পশ্চিম মেদিনীপুরে সাংবাদিকদের কাছে তিনি বলেন, দেওয়াল লিখন অনেক আগেই মোছা উচিত ছিল।

(বাইট – মুখ্যমন্ত্রী)

রাজ্যে তৃণমূল কংগ্রেসকে গণতান্ত্রিকভাবে শেষ করাই তার মূল লক্ষ্য বলে মুখ্যমন্ত্রী এদিন জানান।

ooooooooooooooooooooo

আধুনিক প্রজন্মের যুবা অর্থাৎ জেন-জি দের সঙ্গে সংযোগ বাড়াতে কলকাতায় জেন জি উৎসবের আয়োজন করছে বিজেপি। আগামীকাল নেতাজি ইনডোর স্টেডিয়ামে এই উৎসব আয়োজন করা হচ্ছে বলে জানা গেছে।

জেন জি-র সঙ্গে সংযোগ আরও বাড়ানোর জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নেতা-কর্মীদের পরামর্শ দিয়েছিলেন। তাঁর সঙ্গে সাযুজ্য রেখেই এই আয়োজন বলে সূত্রের খবর। কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী ডঃ সুকান্ত মজুমদার এতে অংশ নেবেন।

oooooooooooooooooooooooo

কলকাতা পুরসভা নির্বাচনে টিকিট দেওয়ার ক্ষেত্রে দল বিভিন্ন মাপকাঠিতে ঝাড়াই-বাছাই করবে বলে পুর ভোটের পর্যবেক্ষক সুকান্ত মজুমদার জানিয়েছেন। গতকাল সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, নির্দিষ্ট ওয়ার্ডে যিনি জিততে পারবেন, সেরকম

ব্যক্তিকেই দল প্রার্থী করবে। এব্যাপারে দল তাড়াহুড়ো করছে না বলে সুকান্তবাবু জানান।

(বাইট – সুকান্ত)

<u>০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০</u>

দেশের অগ্রগতি ও উন্নয়নের পাশাপাশি ভারতীয় সংস্কৃতি ও আধ্যাত্মিকতার বিকাশের ওপরেও বিশেষ জোর দিয়েছেন রাজ্যপাল আর এন রবি। কলকাতায় গতকাল প্রেম মন্দির আশ্রমের প্রতিষ্ঠাতা তারানন্দ ব্রহ্মচারী মহারাজের ১২৫ তম আবির্ভাব জয়ন্তী মহোৎসবে তিনি বলেন, দেশের অগ্রগতি ও উন্নয়নের অর্থ শুধুমাত্র পশ্চিমের দেশগুলির অনুকরণ নয়। ভারতের মতো রাষ্ট্রের ভিত্তি হলো সনাতনী সংস্কৃতি। দেশ ২০৪৭ সালে পূর্ণ বিকশিত ভারতে পরিণত হবে বলে তিনি অভিমত প্রকাশ করেন।

বাইট

রাজ্যপাল বলেন, পশ্চিমবঙ্গেও দীর্ঘ সময় ভারতীয় সংস্কৃতিকে ভুলিয়ে দেওয়ার চেষ্টা করা হয়েছে। প্রতিষ্ঠার পর থেকে প্রেম মন্দির সংস্থা আধ্যাত্মিক, সাংস্কৃতিক, সামাজিক সহ সব ক্ষেত্রে বিশেষ ভূমিকা পালন করে দেশের সেবা করেছে বলেও উল্লেখ করেন রাজ্যপাল।

<u>০০০০০০০০০০০০০০০০০০০০০০</u>

রাজ্যে ভি বি জি – রাম জি প্রকল্পের কাজ পুরোদমে শুরু হতে চলেছে বলে রাজ্যের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন মন্ত্রী দিলীপ ঘোষ জানিয়েছেন। বীরভূমের সিউড়িতে গতকাল মন্ত্রী পঞ্চায়েত ব্যবস্থা, আবাস যোজনা, ভি বি জি – রাম জি প্রকল্প সহ বিভিন্ন সরকারি কাজের অগ্রগতি খতিয়ে দেখেন। এসংক্রান্ত এক পর্যালোচনা বৈঠকের পর সাংবাদিক সম্মেলনে মন্ত্রী বলেন, আগামী মাস থেকেই ভি বি জি রাম জি প্রকল্পে কর্মদিবসের সংখ্যা বাড়বে। সাধারণ মানুষও আরও বেশি কাজের সুযোগ পাবেন বলে আশা প্রকাশ করেন তিনি।

<u>০০০০০০০০০০০০০০০০০০০০০০০০</u>

দক্ষিণ ২৪ পরগনার বারুইপুরে বিজেপি কর্মী বাপী প্রামাণিক খুনের ঘটনায় আরও একজনকে গ্রেফতার করেছে পুলিশ। অধীর নাইয়া নামে ওই ব্যক্তিকে বারুইপুরেরই সূর্যপুর এলাকা থেকে পাকড়াও করা হয়।

উল্লেখ্য, গত রবিবার রাতে হাড়দহ পঞ্চায়েতে ট্যাঙ্গার বেড়িয়ায় বাড়ি থেকে ডেকে নিয়ে গিয়ে কুপিয়ে খুন করা হয় বিজেপি কর্মী বাপী প্রামাণিককে। এই ঘটনায় এখনও পর্যন্ত গ্রেফতারির সংখ্যা বেড়ে হলো ৬।

<u>oooooooooooooooooooooooo</u>

সক্রিয় নিম্নচাপ এলাকার প্রভাবে রাজ্যের বেশ কিছু জেলায় ভারী বৃষ্টির পূর্বাভাস রয়েছে। ভারী বৃষ্টির হলুদ সতর্কতা রয়েছে কলকাতা, উত্তর ও দক্ষিণ ২৪ পরগণা, হাওড়া, হুগলি, বাঁকুড়া এবং পুরুলিয়া জেলায়। আবহাওয়া দফতরের বিজ্ঞানী অণ্বেষা ভট্টাচার্য জানালেন ।

( বাইট – অণ্বেষা)

<u>oooooooooooooooooooooooo</u>

<u>oooooooooooooooooooooooo</u>